

বিএনপি দেশের মানুষকে না খেয়ে মারতে চেয়েছে; আর প্রধানমন্ত্রী দেশের মানুষের মর্যাদা দিয়েছেন-  
নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ২৯ অক্টোবর ২০২২;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, বিএনপি'র সমাবেশে বাস মালিকরা তাদের বাসের ক্ষয়ক্ষতির কথা চিন্তা করে ধর্মঘট দিচ্ছে। এটার জন্য সরকার দায়ী নয়। বাস মালিকরা বলছে- বিএনপি গাড়ি পুড়িয়ে শ্রমিক, মালিক এবং জনসাধারণকে হত্যা করেছে। তারা কখনো বাস মালিক ও শ্রমিকের খোঁজ খবর নেয় নাই। তাদের পাশে দাঁড়িয়েছিলেন একমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিএনপি বাস মালিক ও শ্রমিকদের কাছে ক্ষমা চাক-তারপর যদি তারা ক্ষমা করে সেটা তাদের বিষয়।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বোচাগঞ্জে আব্দুর রৌফ চৌধুরী অডটরিয়ামে "কমিউনিটি পুলিশিং ডে-২০২২" উদযাপন উপলক্ষে বোচাগঞ্জ থানা আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

বোচাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ছন্দা পালের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার মো. আসলাম, সেতাবগঞ্জ পৌরসভার মেয়র মো. আসলাম, এএসপি সার্কেল রওশন আলী, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো. আফছার আলী, যুগ্ম সাধারণ সম্পাদক উপজেলা আওয়ামীলীগ অধ্যাপক আবু তাহের মো. মামুন প্রমুখ।

প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের সময়ে দেশে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। বিদেশীরা বাংলাদেশে বিনিয়োগ করতে চায়। কারণ এখন বাংলাদেশে সিকিউরিটি আছে। কোন ধরনের ঝুঁকি নাই। আর এ ঝুঁকি মোকাবেলা করেছে বাংলাদেশের আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। বিএনপি দেশের মানুষকে না খেয়ে মারতে চেয়েছে। আর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের মর্যাদা দিয়েছেন। এটাকে ধরে রাখতে হবে। এজন্য প্রয়োজন শান্তি শৃঙ্খলা বজায় রাখা। সর্বত্র শান্তি থাকবে। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয়জীবনের সকল ক্ষেত্রে শান্তি শৃঙ্খলা বজায় থাকবে। তাহলে উন্নত বাংলাদেশ হবে-যেটা আমরা কল্পনা করছি।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, বিশ্ব সংকটের সময়ে কিছু রাজনৈতিক লোক সুবিধা নিতে চাচ্ছে; রাজনৈতিক ফায়দা লুটতে চাচ্ছে। 'তারা দেশের অর্থনৈতিক সংকটের কথা বলে। তারা বলে দেশের অর্থনীতি কোথায়।' আমরা বলি দেশের অর্থনৈতিক অবস্থা স্বাভাবিক। যারা বলে স্বাভাবিক নাই তারা এদেশটাকে শ্রীলংকা বানাতে চায়। তাদের রাজনৈতিক লক্ষ্য ও আদর্শ নাই। এরা দুর্নীতিবাজ। তারা ক্ষমতায় থেকে সংসদ সদস্যসহ রাজনৈতিক নেতা ও সাধারণ মানুষকে হত্যা করেছে। তাদের কাছে দেশের মানুষের কোন প্রত্যাশা নাই। এরা অপরাধী। যারা মুক্তিযুদ্ধের সময় বিরোধিতা করেছে তাদেরকে বিএনপি লালন পালন করেছে। মুক্তিযুদ্ধের বিরোধিতাকারীদের দমন করেছে, চিরতরে নির্মূল করতে পারিনি। আমাদের লক্ষ্য তাদেরকে চিরতরে নির্মূল করা। আপনারা নিশ্চিত থাকুন-তাদেরকে চিরতরে নির্মূল করব। বাংলাদেশের মুক্তিযুদ্ধকে অপমানিত হতে দিবনা। এটা আমাদের অঙ্গিকার।

পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এর আগে কমিউনিটি পুলিশিং-ডে উপলক্ষে সকালে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

  
মো. জাহিদুর আলিম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪